

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত “জয়িতা অন্বেষণে বাংলাদেশ” শীর্ষক কার্যক্রমের আওতায় জয়িতা অনুসন্ধান সংক্রান্ত বিজ্ঞপ্তি :

সমাজের সকল বাধা বিপত্তি অতিক্রম করে সমাজের বিভিন্ন ক্ষেত্রে সফল নারীর প্রতিকি নাম হচ্ছে জয়িতা। মহিলা বিষয়ক অধিদপ্তরের পক্ষ হতে আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ এবং বেগম রোকেয়া দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে ৫টি ক্যাটাগরীতে রাজশাহী জেলাধীন দুর্গাপুর উপজেলার ৭টি ইউনিয়ন ও ১টি পৌরসভা হতে আগ্রহী ও যোগ্য নারীদের জয়িতা নির্বাচনের জন্য আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

ক্যাটাগরি সমূহ :

- ০১। অর্থনৈতিকভাবে সাফল্য অর্জনকারী নারী।
- ০২। শিক্ষা ও চাকুরীর ক্ষেত্রে সাফল্য অর্জনকারী নারী।
- ০৩। সফল জননী নারী।
- ০৪। নির্যাতনের বিভীষিকা মুছে ফেলে নতুন উদ্যমে জীবন শুরু করেছেন যে নারী।
- ০৫। সমাজ উন্নয়নে অসামান্য অবদান রেখেছেন যে নারী।

শর্তাবলী :

- ০১। নির্ধারিত ফরমে আবেদন করতে হবে যা উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় হতে সংগ্রহ করতে হবে।
- ০২। আবেদনকারী অবশ্যই ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। প্রমাণক হিসেবে জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ০৩। জীবনযুদ্ধ এবং পরবর্তীতে সফলতার বিষয়টি আলাদা কাগজে সংযুক্ত করতে হবে।
- ০৪। আবেদনকারীর ৫ (পাঁচ) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

আগ্রহী আবেদনকারীগণকে আগামী ১৫.০৯.২০২৪ তারিখের মধ্যে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় কাগজপত্র জমা প্রদানের জন্য অনুরোধ করা যাচ্ছে।


(ফাতেমা খাতুন)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,
দুর্গাপুর, রাজশাহী।

টেলিফোন নম্বর : ০২৫৮৮৮৬৮৮৪৬

email: uwaodurgapurraj@gmail.com